

Ex/ARTS/BNG/PG/3.56 B/2025

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.৫৬ বি (ঐচ্ছিক)

বিষয় : দেশভাগ ও বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১। দেশভাগের সাহিত্য রচনার ক্ষেত্রে ‘স্মৃতি’র ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ যুক্তিসহ আলোচনা করো। ১০

(অথবা)

২। ভারত বিভাজনের ক্ষেত্রে ক্রিপস্ মিশন ও ক্যাবিনেট মিশনের ভূমিকা আলোচনা করো। ১০

৩। দেশভাগের পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার কথা মণিকুম্ভলা সেনের ‘সেদিনের কথা’য় যেভাবে বর্ণিত হয়েছে লেখো। ১০

(অথবা)

৪। কারা-সাহিত্যের বৈশিষ্ট্যগুলি ত্রৈলোক্যনাথ চক্রবর্তীর ‘জেলে তিরিশ বছর ও পাক-ভারতের স্বাধীনতা সংগ্রাম’ গ্রন্থে কেমনভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ১০

৫। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটিতে লৌকিক ও অলৌকিক উপলব্ধির একটি জগৎ মণীন্দ্রনাথের অনুভবে ধরা দেয়। উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

BNG-1161

[Turn Over]

(২)

(অথবা)

৬। “ঈশমের কবরে সামু এবার নতুন একটা ইসতাহার লিখে রেখে দিল। ইসতাহারটার নাম বাংলাদেশ।” — ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসে সামুর রাজনৈতিক সিদ্ধান্ত ঈশমের জীবনকে কীভাবে বিপন্ন করেছে, উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১০

(অথবা)

৭। “আমি আর আমার সোয়ামি তো একটি মানুষ লয়, আলোদা মানুষ” — ‘আগুনপাখি’ উপন্যাসে এই দুটি মানুষের দেশকে দেখার মধ্যে, দেশ সম্পর্কে অনুভূতির মধ্যে কোথায় পার্থক্য ছিল? উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১০

(অথবা)

৮। “এই দ্যাশটি আমার লয়” — এই বুকভাঙা হাহাকার ‘আগুনপাখি’ উপন্যাসটিকে বিরাট এক প্রশ্ন চিহ্নের মুখে দাঁড় করিয়েছে। উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৯। ‘নামহীন গোত্রহীন’ গল্পে নায়কের কোনো নাম নেই। গল্পকারের সচেতন এই অভিপ্রায়কে পাঠক হিসাবে তুমি কীভাবে দেখবে, যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

(অথবা)

১০। ‘অন্যঘরে অন্যস্বর’ গল্পে আখতারুজ্জামান ইলিয়াস দেশভাগের যন্ত্রণাকে কীভাবে ফুটিয়ে তুলেছেন আলোচনা করো। ১০

★★★

BNG-1161

XX24(113)—60